

বাংলাদেশে শিক্ষাখাতের উন্নয়নে মালদ্বীপের স্বাস্থ্য মন্ত্রীর ভূয়সী প্রশংসা

স্টাফ রিপোর্টার : মালদ্বীপের স্বাস্থ্যমন্ত্রী ড. আহমেদ জামশীদ মোহাম্মদ গতকাল শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদের সঙ্গে তার মন্ত্রণালয়ের অফিস কক্ষে সাক্ষাত করেছেন। তারা বি-পাকিক বার্ষিক প্রতিবেদন বিষয়ে আলোচনা করেন।

আলোচনার শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ মালদ্বীপের স্বাস্থ্যমন্ত্রী ড. আহমেদ জামশীদকে বর্তমান সরকারের চার বছরে এদেশের শিক্ষাখাতে উন্নয়ন ও পরিবর্তনের বিষয়টি অতিবিস্তৃত করেন।

শিক্ষামন্ত্রী বলেন, এই সরকারের আমলে জাতীয় শিক্ষানীতি প্রণয়ন করে কার্যকর করা হয়েছে, সুনাননীল প্রশংসিত চালু করা হয়েছে, পরীক্ষা সংকর করা হয়েছে, ১৭ বছর পর কঠিনকলাম নবায়ন করা হয়েছে, ২৩ হাজার ৩০০ কুলে মানসিমেতিয়া স্রাসকম চালু করা হয়েছে, ডিজিটাল কন্টেন্ট তৈরি করা হয়েছে, পাঁচ লাখের বেশি শিক্ষককে প্রশিক্ষণ দেয়া হয়েছে, প্রাথমিক ও মাধ্যমিক তরে ছাত্রছাত্রী সংখ্যা সমতা আনয়ন করা হয়েছে, প্রাথমিক তরে প্রায় শতভাগ জর্জি নিশ্চিত করা সহ অনেক কাজ করা হয়েছে।

এসময় মালদ্বীপের স্বাস্থ্যমন্ত্রী ড. জামশীদ মোহাম্মদ বাংলাদেশে শিক্ষাখাতে এতো সব উন্নয়ন ও পরিবর্তনের ভূয়সী প্রশংসা করেন। তিনি বলেন, অল্প সময়ের মধ্যে বাংলাদেশের শিক্ষাখাতের উন্নয়ন এখন উন্নয়ননীল বিশ্বের মডেলে পরিণত হয়েছে। এ সময় তিনি মালদ্বীপে বাংলাদেশের সহযোগিতায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের শিক্ষাখাতের অভিজ্ঞতা বিনিময়ের ওপর গুরুত্বারোপ করেন।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশে মালদ্বীপের ডেপুটি হাইকমিশনার আহমেদ আদিল ও মালদ্বীপে বিশ্ব স্বাস্থ্য সংস্থার কার্মি রিমেজেডেটিভ ড. আকরেমাল মাদতিমোজ।